



10

## শিক্ষা

### চৌদ্দগ্রাম সরকারী কলেজের সমস্যা

কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম উপজেলায় অবস্থিত চৌদ্দগ্রাম সরকারী কলেজ বর্তমানে বিভিন্ন সমস্যায় জর্জরিত। প্রয়োজনীয় সংখ্যক আসবাবপত্র

নেই। বিজ্ঞান বিভাগের বিজ্ঞানাগারে প্রয়োজনীয় সংখ্যক যন্ত্রপাতি না থাকায় অনেক সময় নানা ধরনের সমস্যা দেখা দেয়। মিলনায়তন না থাকায় কোন ধরনের অনুষ্ঠান করা যায় না। দীর্ঘদিন ধরে কলেজের পূর্ব দিকে

একটি দালান অর্ধ-সমাপ্ত অবস্থায় পড়ে রয়েছে। কলেজ লাইব্রেরী থাকা সত্ত্বেও প্রয়োজনীয় বই অধ্যয়নের জন্য পাওয়া যায় না। মসজিদ না থাকায় নামাজ পড়ার সময় শিক্ষক ক্রমের-সমস্ত আসবাবপত্র সরিয়ে অতি

কষ্ট করে নামাজ আদায় করতে হয়। অতএব উল্লেখিত সমস্যাগুলো সমাধানের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে বলে আমরা মনে করি।

—মোঃ এনামুল হক